গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
যুব-০১ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moysports.gov.bd

স্মারক নম্বর: ৩৪.০০.০০০০.০০০.০৫১.৯১.০০০১.২৬-৪১

তারিখ : ১৫ মাঘ ১৪৩২ বঙ্গাব্দ
২৯ জানুয়ারি ২০২৬ খ্রিষ্টাব্দ

# বিজ্ঞপ্তি

## "ইয়্যুথ ভলান্টিয়ার অ্যাওয়ার্ড ২০২৬"

যুবকল্যাণ তহবিল আইন, ২০১৬ মোতাবেক সামাজিক ক্ষেত্রে অসাধারণ অবদানের জন্য যুবদের চলতি **২০২৫-২০২৬** অর্থবছরে নিম্নে উল্লিখিত ০৮টি ক্যাটাগরিতে "ইয়্যুথ ভলান্টিয়ার অ্যাওয়ার্ড ২০২৬" প্রদানের নিমিত্ত নিম্নোক্ত শর্তাবলী অনুযায়ী আগ্রহী প্রার্থীদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে :

### পুরস্কার ক্যাটাগরির নাম

| ক্রমিক নং | ক্যাটাগরির নাম | পুরস্কার সংখ্যা | পুরস্কারের ধরণ (প্রতিটির ক্ষেত্রে) |
|---|---|---|---|
| (১) | আত্মকর্মসংস্থান ও উদ্যোক্তা উন্নয়নে অসাধারণ অবদান | ০২ (দুই)টি | প্রতিটি অ্যাওয়ার্ডে থাকবে ১,০০,০০০/- (এক লক্ষ) টাকার ক্রস্‌ড চেক, একটি ক্রেস্ট এবং একটি সম্মাননাপত্র। |
| (২) | ক্রীড়া উন্নয়নে অসাধারণ অবদান | ০২ (দুই)টি | |
| (৩) | সমাজসেবা ও জনকল্যাণে (জ্যেষ্ঠ ও অসহায়/দুঃস্থদের প্রতি আদর্শসেবা) অসাধারণ অবদান | ০২ (দুই)টি | |
| (৪) | বিজ্ঞান, প্রযুক্তি ও কারিগরি ক্ষেত্রে অসাধারণ অবদান | ০২ (দুই)টি | |
| (৫) | নারী ও শিশু উন্নয়নে অসাধারণ অবদান | ০২ (দুই)টি | |
| (৬) | শিক্ষার উন্নয়ন ও প্রসারে অসাধারণ অবদান | ০২ (দুই)টি | |
| (৭) | পরিবেশ, জলবায়ু পরিবর্তন ও দুর্যোগ মোকাবেলার ক্ষেত্রে অসাধারণ অবদান | ০২ (দুই)টি | |
| (৮) | কলা ও সংস্কৃতিতে অসাধারণ অবদান | ০২ (দুই)টি | |

### আবেদনের শর্তাবলী

ক আবেদনকারীকে অবশ্যই বিদ্যমান জাতীয় যুব নীতি অনুযায়ী **১৮** হতে **৩৫** বছরের বয়সসীমার নারী-পুরুষ নির্বিশেষে বাংলাদেশের নাগরিক হতে হবে।

খ অলাভজনক, অরাজনৈতিক এবং অবৈতনিকভাবে স্বেচ্ছাসেবক হিসেবে সেবা ও উন্নয়নমূলক কর্মে নিয়োজিত যুবরা (যুবনারী ও যুবপুরুষ) শুধুমাত্র এ অ্যাওয়ার্ডের জন্য আবেদন করতে পারবেন।

গ আগ্রহী যুবগণ স্ব স্ব উপজেলার সংশ্লিষ্ট কমিটি'র সভাপতি হিসেবে **উপজেলা নির্বাহী অফিসার** বরাবর নির্ধারিত ফরমে আবেদন দাখিল করবেন। মহানগরীর ক্ষেত্রে (যেখানে উপজেলা কার্যালয় নেই) সরাসরি সংশ্লিষ্ট জেলা কমিটি'র সভাপতি হিসেবে সংশ্লিষ্ট জেলার **জেলা প্রশাসক** বরাবর আবেদন করতে হবে।

ঘ ক্যাটাগরিভিত্তিক প্রত্যয়নের ক্ষেত্রে উল্লিখিত ক্যাটাগরির বিষয় সংশ্লিষ্ট (সরকারি, আধাসরকারি/ স্বায়ত্বশাসিত/ রাষ্ট্রায়াত্ত সংস্থার ২০১৫ সালের জাতীয় বেতন স্কেলের ৯ম গ্রেড বা সমতুল্য বা তদূর্ধ্ব পদে কর্মরত কর্মকর্তা) একজন কর্মকর্তার প্রত্যয়নপত্র সংযুক্ত করতে হবে।

ঙ **একজন আবেদনকারী যে কোনো একটি ক্যাটাগরিতে আবেদন করতে পারবেন।**

চ ফৌজদারি মামলায় দন্ডিত কোনো ব্যক্তি এ অ্যাওয়ার্ডের লক্ষ্যে আবেদনের জন্য বিবেচিত হবেন না ।

ছ সন্ত্রাস বা সমাজ বা রাষ্ট্র বিরোধী বা আইন শৃঙ্খলা বিরোধী কাজে লিপ্ত কোনো যুব অ্যাওয়ার্ডের লক্ষ্যে আবেদনের জন্য বিবেচিত হবেন না।

জ ঋণখেলাপি কোনো ব্যক্তি এই অ্যাওয়ার্ডের জন্য বিবেচিত হবেন না।

ঝ চূড়ান্তভাবে মনোনীত প্রার্থীকে ডোপ টেস্টে যোগ্য বিবেচিত হতে হবে। কোন বিজয়ী ডোপ টেস্টে অযোগ্য বিবেচিত হলে তার পরিবর্তে ক্যাটাগরির মেধাক্রম অনুযায়ী পরবর্তী প্রার্থী বিজয়ী হিসেবে নির্বাচিত হবেন।

ঞ আবেদনকারী যুব ও ক্রীড়া মন্ত্রণালয় কর্তৃক অন্য কোনো অ্যাওয়ার্ড/পুরস্কারে ভূষিত হলে এ অ্যাওয়ার্ডের জন্য বিবেচিত হবেন না।

ট অ্যাওয়ার্ড প্রদানের বিষয়ে যুবকল্যাণ তহবিল ব্যবস্থাপনা বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

পাতা/২

২। যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের ওয়েবসাইট **(www.moysports.gov.bd)**-এ প্রবেশ করে সেবা বক্সে **নাগরিক ই-সেবার** আওতাভুক্ত **ইয়ুথ ভলান্টিয়ার অ্যাওয়ার্ড ২০২৬** ক্লিক করে ক্যাটাগরি সংশ্লিষ্ট আবেদনের **নির্ধারিত ফরম** সংগ্রহপূর্বক তা যথাযথভাবে পূরণপূর্বক এসঙ্গে অনুচ্ছেদভিত্তিক চাহিত তথ্যাদি সংযুক্ত করে আবেদন **আগামী ০১ মার্চ ২০২৬ খ্রিষ্টাব্দ তারিখ (১৬ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ) রবিবার** অফিস সময়ের মধ্যে নির্ধারিত স্থানে (শর্তাবলীর **'গ' উপঅনুচ্ছেদ** অনুযায়ী) সরাসরি দাখিল করতে হবে। উল্লেখ্য, **নির্ধারিত তারিখের পর কোনো আবেদন গ্রহণ করা হবে না।**

৩। আবেদন ফরমে উল্লিখিত চাহিত সকল প্রমাণক (সনদপত্র, প্রত্যয়নপত্র, ছবি, ভিডিও, পেনড্রাইভ ও অন্যান্য তথ্যাদি) সংযুক্ত করতে হবে।

৪। সংশ্লিষ্ট বিষয়ে প্রয়োজনে যুব উন্নয়ন অধিদপ্তরের জেলা কার্যালয়ের উপপরিচালক ও উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাগণের (মেট্রোপলিটন ইউনিট থানা যুব উন্নয়ন কর্মকর্তাসহ) সাথে যোগাযোগ করা যেতে পারে। প্রযোজ্য ক্ষেত্রে এ মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট নির্বাহী কর্মকর্তার সাথে ০১৭১৬২৩০৩৬৬ মোবাইল নম্বরে যোগাযোগ করা যেতে পারে।

২৮.০১.২০২৬

মো. মাসুম আহমেদ
উপসচিব